



## জনাব প্রকৌশলী মোঃ সেলিম ম্ধা

অধ্যক্ষ,

নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ

### সংক্ষিপ্ত পরিচিতি

জনাব প্রকৌশলী মোঃ সেলিম ম্ধা ০৩রা মার্চ, ২০২১ খ্রিঃ নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ পদে যোগদান করেন। পূর্বে তিনি শরিয়তপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ পদে কর্মরত ছিলেন।

বর্ণীল কর্মজীবনে জনাব প্রকৌশলী মোঃ সেলিম ম্ধা দেশের বিভিন্ন স্বনামধন্য কারিগরি প্রতিষ্ঠানের প্রশাসনিক গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজের সহযোগী অধ্যাপক পদে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা), গোপালগঞ্জ, বরিশাল, শরিয়তপুর সহ বিভিন্ন সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ পদে কর্মরত ছিলেন। তার উপস্থিতিতে এই সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার যেমন অগ্রগতি সাধন হয়েছে, তেমন প্রশাসনিক ও একাডেমিক কাঠামোর ঘটেছে ব্যাপক উন্নতি। অবকাঠামোগত বিভিন্ন উন্নয়ন ও বৃক্ষরোপণ কার্যক্রমে তার ভূমিকা ছিল অগ্রগণ্য। তিনি একাধারে কারিগরি শিক্ষা বোর্ডের একজন প্রশ্ন প্রণেতা, প্রধান নিরীক্ষক, পাঠ্য পুস্তক লেখক। তিনি কারিগরি শিক্ষা বোর্ডের জাতীয় পাঠ্যক্রম প্রণয়ন কমিটির অন্যতম সদস্য। এছাড়াও তিনি কারিগরি শিক্ষা অধিদপ্তর ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন।

জনাব প্রকৌশলী মোঃ সেলিম ম্ধা গত ০৩রা মার্চ, ২০২১ খ্রিঃ নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ পদে যোগদান করেন। তিনি অতি অল্প সময়ে অসাধারণ ব্যক্তিত্ব এবং ডায়নামিক কর্মদক্ষতার মাধ্যমে সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের মনে জায়গা করে নিয়েছেন। একজন মানবিক ও শিক্ষার্থী-বান্ধব অধ্যক্ষ হওয়ায় তিনি অতি দ্রুত সময়ের ভিত্তিতে শিক্ষার্থীদের প্রিয়মুখ এবং আস্থাভাজন হয়ে উঠেছেন। তার সুনিপুন পরিচালনায় এবং দক্ষ ও নিবিড় পরিচর্যায় নারায়ণগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ দিন দিন উন্নতির মাধ্যমে কারিগরি শিক্ষাঙ্গনের অন্যতম একটি প্রতিষ্ঠানে রূপান্তরিত হচ্ছে।

### শিক্ষাজীবন:

ছাত্রজীবনে জনাব প্রকৌশলী মোঃ সেলিম ম্ধা অত্যন্ত মেধাবী ছিলেন। প্রবল মেধাবী ও শিক্ষানুরাগী হওয়ার দরুন তার মধ্যে উচ্চশিক্ষার ঝোঁক ছিল সেই ছোট থেকেই। তিনি ১৯৮৪ খ্রিঃ-এ বাংলাদেশের সুনাম-ধন্য ফরিদপুর পলিটেকনিক ইন্সটিটিউট থেকে ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং (পাওয়ার) শেষ করেন। এরপর তিনি ফরিদপুরে তার বর্ণীল শিক্ষা জীবন শেষ করে ঢাকায় টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ (টিটিটিসি) থেকে ১৯৯১ খ্রিঃ-এ ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন (পাওয়ার) সম্পন্ন করেন। এরপর তিনি ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি) থেকে ১৯৯৪ খ্রিঃ-এ বিএসসি ইন টেকনিক্যাল এডুকেশন ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (স্পেশালাইজেশন : অটোমোটিভ) এবং ২০০০ খ্রিঃ-এ পোস্ট গ্রাজুয়েশন টেকনিক্যাল এডুকেশন ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (স্পেশালাইজেশন : থার্মোফ্লুইড ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি অর্জন করেন। তিনি তার অভিজ্ঞতা এবং দক্ষতা বাড়ানোর জন্য দেশে এবং বিদেশে বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন। এছাড়াও তিনি চীন, ফিলিপাইন, থাইল্যান্ড, সিংগাপুর, বঙ্গুরা এবং ঢাকা সহ দেশে ও বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠান হতে ব্যবস্থাপনা ও প্রশাসনিক বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন।

### সংক্ষেপে তার একাডেমিক শিক্ষাবৃত্তান্ত নিচে তুলে ধরা হলঃ

- ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ার (পাওয়ার) ১৯৮৪, ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট।
- ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন (পাওয়ার) ১৯৯১, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ (টিটিটিসি), তেজগাঁও, ঢাকা।
- বিএসসি ইন টেকনিক্যাল এডুকেশন ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (স্পেশালাইজেশন : অটোমোটিভ) ১৯৯৪, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি), ওআইসি, টঙ্গী, গাজীপুর।
- পোস্ট গ্রাজুয়েশন টেকনিক্যাল এডুকেশন ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (স্পেশালাইজেশন : থার্মোফ্লুইড ইঞ্জিনিয়ারিং) ২০০০, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি), ওআইসি, টঙ্গী, গাজীপুর।